

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নংঃ ১২.১২.১০.০০০০.১৬৬.৯৯.০০৪.১৯.৩৬০১


তারিখঃ ৯/০৫/২০২৩ খ্রি.

বিষয় : আসন্ন ঘূর্ণিঝড় **Mocha** মোকাবেলায় করণীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি পূর্বাভাস অনুযায়ী ৮ থেকে ৯ মে ২০২৩ এর মধ্যে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে যা ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে এবং ১২ অথবা ১৩ মে ২০২৩ এর মধ্যে লঘুচাপটি ঘূর্ণিঝড়ে রূপ নেয়ার আশঙ্কার আছে। এই সময়ে ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। ফসলের সম্ভাব্য ক্ষয়ক্ষতি এড়ানোর লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করার জন্য দিক নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। পাকা ধান (৮০%), পরিপক্ক আম ও অন্যান্য সংগ্রহ উপযোগী ফসল দ্রুত সংগ্রহ করার জন্য কৃষকদের পরামর্শ প্রদান।
- ২। কৃষকদের মধ্যে ঘূর্ণিঝড়ের আশঙ্কার সতর্কতামূলক তথ্য মাঠে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা।
- ৩। সার্বক্ষণিক কর্মস্থলে থেকে কৃষকদেরকে পরামর্শ প্রদানের জন্য কৃষকের পাশে থাকা।
- ৪। আবহাওয়া সংক্রান্ত যে কোন তথ্য ও পরামর্শের জন্য BAMIS পোর্টাল অনুসরণ করতে হবে।

অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর------(সকল) অঞ্চল।  
(সকল জেলা ও উপজেলা পর্যায়ে উল্লেখিত নির্দেশনাসমূহ প্রেরণের অনুরোধসহ)

  
পরিচালক

সরেজমিন উইং

ফোনঃ ৫৫০২৮৪০৩

ই-মেইল [dfsw@dae.gov.bd](mailto:dfsw@dae.gov.bd)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।